

যুগ্মত্ব

রাবি ক্যাম্পাসে ২৭ বহিরাগত আটক, পুলিশে সোপর্দ

👤 রাবি প্রতিনিধি

⌚ ১৫ মে ২০২৩, ২২:৫৯:৫৬ | [অনলাইন সংস্করণ](#)



ছবি: যুগান্তর

স্কুল-কলেজ চলাকালীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পোশাক পরে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ক্যাম্পাসে আড়তা, মাদক ও বিভিন্ন অসামাজিক কাজে সম্পত্তি হওয়ার অভিযোগে ২৭ বহিরাগতকে আটক করা হয়েছে। সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রট্রিয়াল বড়ির এক অভিযানে তাদের আটক করা হয়।

প্রট্রের দপ্তর সূত্র জানায়, সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের বধ্যভূমি ও ইবলিশ চতুরসহ ক্যাম্পাসের বিভিন্ন জায়গা থেকে ২৭ জন বহিরাগতকে আটক করা হয়। তারা সবাই নগরীর বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থী। প্রট্রের দপ্তরে তাদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে নগরীর মতিহার থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।

এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রট্রের অধ্যাপক আসারুল হক বলেন, ইতোপূর্বে ক্যাম্পাসে সব শিক্ষার্থীকে আইডি কার্ড সঙ্গে নিয়ে চলাচলের জন্য মাইকিং করা হয়েছে এবং এ বিষয়ে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে।

আইডি কার্ড ব্যতীত ক্যাম্পাসে কেউ যাতে চলাফেরা না করে সে বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় আজকের অভিযান পরিচালনার সময় বিশ্ববিদ্যালয়ের বধ্যভূমিসহ বিভিন্ন জায়গায় স্কুল-কলেজ চলাকালীন স্কুলের ড্রেস পরে এসে বসে আড়া দিতে এবং সময় কাটাতে দেখা যায়। তাই তাদের প্রটোরের দণ্ডে ধরে এনে পুলিশে সোপদ করা হয়েছে।

জানতে চাইলে মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রুহুল আমিন বলেন, ইতোমধ্যে তাদের অভিভাবকের কাছে হস্তান্তর করা হয়েছে। পরবর্তীতে যাতে তারা এলোমেলোভাবে ঘোরাফেরা না করে- হস্তান্তর করার সময় এ বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023